

প্রতিযোগিতার নির্দেশাবলী

- ১। সংশ্লিষ্ট উপজেলার যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। আইডিয়া/প্রকল্প প্রস্তাব পিডিএফ ফরম্যাটে সংশ্লিষ্ট উপজেলার ওয়েবসাইটে বা যেকোনো অনলাইন পদ্ধতিতে আগামী ১৫ মার্চ থেকে ১৫ এপ্রিল, ২০২৩ এর মধ্যে প্রেরণ করতে হবে। এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট উপজেলার ওয়েবসাইটে অনলাইনে প্রস্তাব দাখিল করার জন্য একটি গুগল ডকস লিংক খোলা যেতে পারে।
- ৩। প্রস্তাবটি অবশ্যই যুগপোযোগী এবং বাস্তবায়নযোগ্য হতে হবে।
- ৪। প্রকল্পের অধিক্ষেত্র এবং ব্যয়সীমা বাস্তবসম্মত হতে হবে।
- ৫। প্রকল্প প্রস্তাবটি অবশ্যই স্মার্ট বাংলাদেশ এর মূলনীতির সাথে সম্পর্কিত হতে হবে।
- ৬। প্রস্তাবের সাথে প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাস্তবায়ন পদ্ধতি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। প্রকল্পটি দীর্ঘমেয়াদী হলে সেক্ষেত্রে স্বল্পমেয়াদী এবং মধ্যমেয়াদী পরিকল্পনা আলাদাভাবে উল্লেখ করা যেতে পারে।
- ৮। “স্মার্ট উপজেলা বেস্ট আইডিয়া এওয়ার্ড” প্রতিযোগিতার প্রকল্পের জন্য নিম্নোক্ত ক্ষেত্রসমূহ নিয়ে কাজ করা যেতে পারে:
 - স্মার্ট সিটি
 - স্মার্ট ভিলেজ
 - স্মার্ট শিক্ষা
 - স্মার্ট স্বাস্থ্যসেবা
 - স্মার্ট সামাজিক সুরক্ষা
 - স্মার্ট কৃষি
 - স্মার্ট ম্যানুফেকচারিং
 - স্মার্ট সেবা খাত
 - স্মার্ট প্রশাসন
 - স্মার্ট ইউটিলিটি
- ৯। প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নের প্রযুক্তিসমূহ ব্যবহার করা যেতে পারে:
 - আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স
 - বিগ ডাটা এনালিটিকস
 - ক্লাউড কম্পিউটিং
 - আইওটি
 - রোবটিক্স
 - এআর / ভিআর
 - ব্লকচেইন
 - ড্রোন
 - বায়ো/ ন্যানো টেকনোলজি
 - সাইবার সিকিউরিটি
- ১০। প্রতিযোগিতার পূর্ণমান হবে ১০ নম্বর। প্রতিটি উপজেলায় সেরা ০৩ (তিন) জন ব্যক্তি/প্রতিষ্ঠান বিজয়ী নির্বাচন করা হবে। প্রথম পুরস্কার ২০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ১৫ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার হিসেবে থাকবে ১০ হাজার টাকা।
- ১১। জেলার সকল উপজেলা মিলিয়ে শ্রেষ্ঠ আইডিয়া/ প্রস্তাব প্রেরণকারী পুরস্কার হিসেবে পাবেন ১ লক্ষ টাকা।
- ১২। সংশ্লিষ্ট উপজেলাতে প্রতিযোগিতা নিয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে। প্রয়োজনে ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।